নেত্রকোণা সদর উপজেলা পরিষদের এপ্রিল ২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি : আসমা বিনতে রফিক, প্রশাসক, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
সভার তারিখ : ২১.০৪.২০২৫ খ্রি.।
সভার সময় : বেলা ১১.০০ টা।
সভা নং : ১১

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক, খ ও গ দ্রষ্টব্য :

প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা কর্তৃক সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। পরবর্তীতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোনো প্রকার সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। অতঃপর উপজেলার বিভিন্ন দপ্তরের সার্বিক কার্যক্রমের উপর আলোচনাক্রমে নিম্নবর্ণিত সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরের এডিপি ও উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে কাজ বাস্তবায়নের জন্য ২০টি প্যাকেজের NOA প্রদান করা হয়েছে। ঠিকাদার PS Money এর টাকা জমা দিয়ে চুক্তি সম্পাদন করেছেন ও Work Order প্রস্তুত করা হয়েছে। টেন্ডার এর কাজ চলমান রয়েছে। | ২০২৪-২০২৫ অর্থ বছরে টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহ ও পিআইসির মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের কার্যক্রম আগামী ৩০ মে ২০২৫ তারিখের মধ্যে শেষ করতে হবে। | উপজেলা প্রকৌশলী নেত্রকোণা সদর নেত্রকোণা ও সংশ্লিষ্ট চেয়ারম্যান/ প্রশাসক ইউনিয়ন পরিষদ (সকল) |
| ২. | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, তার দপ্তরের দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে ও বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। তিনি আরও জানান শিক্ষকগণকে বিদ্যালয়ে নিয়মিত উপস্থিত হওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে এবং মনিটরিং করা হচ্ছে। | (ক) নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করে আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>(খ) বিদ্যালয়ে যথাসময়ে শিক্ষকদের উপস্থিতি নিশ্চিত করত হবে।<br>(গ) শিক্ষার্থীদের ঝড়ে পড়া রোধ করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) বিদ্যালয়ের আঙিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঙ) যে সকল বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি নেই সে সকল বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি দ্রুত গঠনের পদক্ষেপ নিতে হবে।<br>(চ) যে সকল প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক অকেজো আছে তা সরেজমিন পরিদর্শনপূর্বক তালিকা প্রস্তুত করে উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী বরাবর প্রেরণ করতে হবে।<br>(ছ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার নেত্রকোণা সদর |

<table>
<tr>
<td>৩.</td>
<td>কৃষি বিভাগ</td>
<td>উপজেলা কৃষি অফিসার জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে বোরো মৌসুমে আবাদকৃত ২১৮০০ হেক্টর জমির মধ্যে স্বল্প মেয়াদি উফশী জাত-ব্রি ধান ২৮,৮৮,৯৬ কর্তন কার্যক্রম শুরু হয়েছে। উক্ত জাত গুলোর প্রাপ্ত গড় ফলন যথাক্রমে ৩.৫০, ৪.২৫, ৪.৯৫ (চাউলে)। খরিপ-১ মৌসুমের শাকসবজি ১৫০ হেক্টর, পাট-দেশী ১০ হেক্টর, তোষা ০১ হেক্টর, কেনাফ ০৯ হেক্টর মোট ২০ হেক্টর, আদা ২৫ হেক্টর, (বস্তায় আদা চাষ ৭০০০ টি) হলুদ ০৪ হেক্টর, মরিচ ০২ হেক্টর আবাদ করা হয়েছে। আউশ বীজতলার লক্ষ্যমাত্রা ০৮ হেক্টর এর মধ্যে ০২ হেক্টর আবাদ করা হয়েছে (কার্যক্রম চলমান) উপ-সহকারী কৃষি অফিসারগণ সার্বক্ষণিক কৃষকদের পাশে থেকে ফসলের সুষমমাত্রায় সার, রোগ পোকা মাকড় দমনসহ অন্যান্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে যাচ্ছেন।</td>
<td>(ক) সার ও বীজের কৃত্রিম সংকট যেন না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণ পরামর্শ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) কৃষি উৎপাদন (ধান, সরিষা, শাক সবজি, ফলমূল, পাট) বাড়াতে কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) ইউনিয়নওয়ারি বিভিন্ন প্রকার সার কি পরিমাণ মজুদ আছে তা সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঙ) সারের বরাদ্দ ও বিতরণের তথ্যাদি ইউনিয়ন পরিষদের হোয়াটস্ অ্যাপ গ্রুপে প্রদান করতে হবে।<br>(চ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>উপজেলা কৃষি অফিসার নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>৪.</td>
<td>প্রাণি সম্পদ বিভাগ</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, বাজারে বিশুদ্ধ দুধ ও ডিমের সরবরাহ করতে খামারীদের পরামর্শ প্রদান করা হচ্ছে। গরু মোটা তাজাকরণে যাতে রাসানয়িক দ্রব্যাদি ব্যবহার না করে সে বিষয়ে খামারীদের পরামর্শ প্রদান করা হচ্ছে। তার দপ্তর হতে ক্ষুদ্র ঋণ বিতরণের সুযোগ রয়েছে। তিনি প্রকৃত গরীব মানুষের তালিকা দেওয়ার জন্য ইউপি চেয়ারম্যান/ প্রশাসকদের অনুরোধ জানান। তাছাড়া তিনি তার দপ্তরের কার্যক্রমের অগ্রগতির নিম্নরূপ তথ্যাদি সভায় উপস্থাপন করেন:<br><br>(অর্থবছর : ২০২৪-২০২৫)
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের নাম</th><th>বার্ষিক লক্ষ্যমাত্রা</th><th>চলতি মাসের লক্ষ্যমাত্রা</th><th>চলতি মাসে অর্জন</th><th>ক্রম:পুঞ্জিত লক্ষ্যমাত্রা</th><th>ক্রম:পুঞ্জিত অর্জন</th><th>মন্তব্য (ক্রম:পুঞ্জিত অর্জনের হার)</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td><td>৬</td><td>৭</td><td>৮</td></tr>
<tr><td rowspan="3">১</td><td>সরকারিভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ (সংখ্যা)</td><td>১২৯০০</td><td>১০৭৫</td><td>১২০</td><td>৯৬৭৫</td><td>৭৮৩৫</td><td>৬০.৭৪%</td></tr>
<tr><td>ক. তরল সিমেন দ্বারা</td><td>০</td><td>০</td><td>০</td><td>০</td><td>০</td><td>০%</td></tr>
<tr><td>খ. হিমায়িত সিমেন দ্বারা</td><td>১২৯০০</td><td>১০৭৫</td><td>১২০</td><td>৯৬৭৫</td><td>৭৮৩৫</td><td>৬০.৭৪%</td></tr>
<tr><td>২</td><td>সংকর জাতের গবাদি পশুর বাছুরের তথ্য সংগ্রহ (সংখ্যা)</td><td>৬৩২০</td><td>৫২৭</td><td>৬৪</td><td>৪৭৪০</td><td>৩৬৭৪</td><td>৫৮.১৩%</td></tr>
<tr><td rowspan="3">৩</td><td>সরকারিভাবে টিকা প্রদান সম্প্রসারণ</td><td>৮৩৫০০০</td><td>৬৯৫৮৩</td><td>৮১২৯৬</td><td>৬২৬২৫০</td><td>৪৯৬৭৫০</td><td>৫৯.৪৯%</td></tr>
<tr><td>ক) গবাদি পশু (সংখ্যা)</td><td>৭৫০০০</td><td>৬২৫০</td><td>২২৯৬</td><td>৫৬২৫০</td><td>৬৬৭৫০</td><td>৮৯%</td></tr>
<tr><td>খ) হাঁস-মুরগী (সংখ্যা)</td><td>৭৬০০০০</td><td>৬৩৩৩৩</td><td>৭৯০০০</td><td>৫৭০০০০</td><td>৪৩০০০০</td><td>৫৬.৫৮%</td></tr>
<tr><td>৪</td><td>গবাদিপশুর চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>৩৯০০০</td><td>৩২৫০</td><td>৩৪৩৩</td><td>২৯২৫০</td><td>২৯৯৭১</td><td>৭৬.৮৫%</td></tr>
<tr><td>৫</td><td>হাঁস-মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>৩৪০০০০</td><td>২৮৩৩৩</td><td>৩৪১৩৫</td><td>২৫৫০০০</td><td>২৬৬৮১৩</td><td>৭৮.৪৭%</td></tr>
<tr><td>৬</td><td>পোষা প্রাণির চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>৮০</td><td>৭</td><td>১৫</td><td>৬০</td><td>৯৯</td><td>১২৩.৭৫%</td></tr>
<tr><td>৭</td><td>গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ (সংখ্যা)</td><td>১০০</td><td>৮</td><td>৮</td><td>৭৫</td><td>৭৩</td><td>৭৩%</td></tr>
<tr><td>৮</td><td>গবাদিপশু-পাখির ডিজিজ</td><td>২৫</td><td>২</td><td>২</td><td>১৯</td><td>১৮</td><td>৭২%</td></tr>
</table>
</td>
<td>(ক) সঠিকভাবে গবাদি পশু লালন-পালনের নিমিত্ত খামারীদের নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে।<br>(খ) গবাদি পশু মোটা তাজাকরণে রাসায়নিক দ্রব্য ব্যবহার প্রতিরোধে নিয়মিত মনিটরিং করতে হবে।<br>(গ) গবাদি পশুর রোগ ব্যাধি কমাতে, মাঠ পর্যায়ে খামারীদের নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে।<br>(ঘ) গবাদি পশুর খাদ্যের বাজার মূল্য স্থিতিশীল রাখতে নিয়মিত তদারকি করতে হবে।<br><br>(ঙ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ অফিসার নেত্রকোণা সদর</td>
</tr>
</table>

CamScanner

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | সার্ভিলেন্স (সংখ্যা) | | | | | | |
| ৯ | ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্পস্থাপন (সংখ্যা) | ১৫ | ১ | ১ | ১১ | ১১ | ৭৩.৩৩% |
| ১০ | খামারী প্রশিক্ষণ প্রদান (সংখ্যা) | ৪০০ | ৩৩ | ০ | ৩০০ | ২২০ | ৫৫% |
| ১১ | মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ প্রদান (সংখ্যা) | ৭০ | ৬ | ০ | ৫৩ | ৪৪ | ৬২.৮৬% |
| ১২ | উঠান বৈঠকে আয়োজন সংখ্যা | ১০০ | ৮ | ৯ | ৭৫ | ৭৯ | ৭৯% |
| ১৩ | স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ (একর) | ২৩ | ১.৯২ | ২ | ১৭.২৮ | ১৮ | ৭৮.২৬% |
| ১৪ | খামার / ফিড মিল/ হ্যাচারি পরিদর্শন (সংখ্যা) | ১১০ | ৯ | ১০ | ৮৩ | ৮৪ | ৭৬.৩৬% |
| ১৫ | পোল্ট্রি খামার রেজিস্ট্রেশন ও নবায়ন (সংখ্যা) | ৬ | ১ | ০ | ৫ | ৪ | ৬৬.৬৭% |
| ১৬ | গবাদিপশুর খামার রেজিস্ট্রেশন ও নবায়ন (সংখ্যা) | ১৬ | ১ | ০ | ১২ | ৮ | ৫০% |
| ১৭ | মোবাইল কোর্ট পরিচালনাকরা (সংখ্যা) | ৪ | ০ | ০ | ৩ | ১ | ২৫% |
| ১৮ | দুধ উৎপাদন (মেট্রিক টন) | ২৯৫০০ | ২৪৫৮ | ২৭০৯.৬৬ | ২২১২৫ | ২২৬৫১.৪৪ | ৭৬.৭৮% |
| ১৯ | মাংস উৎপাদন (মেট্রিক টন) | ২৪০০০ | ২০০০ | ২৩১৩.১৪ | ১৮০০০ | ১৮৫২৬.৬১ | ৭৭.১৯% |
| ২০ | ডিম উৎপাদন (লক্ষ) | ৫৯৭ | ৪৯.৭৫ | ৫২.৫ | ৪৪৭.৭৫ | ৪৫৩.৫ | ৭৫.৯৬% |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরের ১ম ও ২য় পর্যায়ের টিআর কাবিখার কাজ চলমান। ২০২৪-২০২৫ অর্থবছরের ৩য় পর্যায়ের টিআর কাবিখার বরাদ্দ পাওয়া গেছে এবং ইউনিয়ন পর্যায়ে উপবরাদ্দ প্রদান করা হয়েছে। | (ক) ২০২৪-২০২৫ অর্থবছরের টি.আর ও কাবিখার আওতায় গৃহীত প্রকল্পসমূহ যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।<br>(খ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br><br>চেয়ারম্যান/ প্রশাসক ইউনিয়ন পরিষদ (সকল) |
| ৬. | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, মৎস্য খাদ্য ও পশু খাদ্য আইন -২০১০ এর আওতায় পাঁচটি প্রতিষ্ঠানকে মৎস্য খাদ্য ও পশু খাদ্য লাইসেন্স না থাকায় ৩৫,০০০/-(পয়ত্রিশ হাজার টাকা) জরিমানা করা হয়েছে। এছাড়া যে সকল বিক্রেতা মৎস্য খাদ্য লাইসেন্স ব্যতীত এবং লাইসেন্স নবায়ন ব্যতীত বিক্রয় করছেন তাদের তাগিদ পত্র প্রেরণসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। অন্যান্য আইন বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। পানি পরীক্ষাসহ পরামর্শ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। সচেতনতা বৃদ্ধির আওতায় জলাশয় সংলগ্ন তীরবর্তী জেলেদের মাঝে মৎস্য সংরক্ষণ আইন, ১৯৫০ বিষয়ক সচেতনতামূলক কার্যক্রম চলমান রয়েছে। প্রচার প্রচারণা কার্যক্রম অব্যাহত আছে। | (ক) মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে দৃষ্টি রাখতে হবে।<br>(খ) মৎস্য চাষ বাড়াতে সরেজমিন পরিদর্শন করে মৎস্যজীবী ও খামারীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে।<br>(গ) নদী, খাল ও মুক্ত জলাশয়ে নিষিদ্ধ জাল, মাছ ধরার উপকরণ ব্যবহার রোধে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) ইউপি চেয়ারম্যানগণ জলাশয়ে অবৈধ বাঁধ অথবা স্থাপনা অপসারণের জন্য প্রয়োজনীয় তথ্য প্রদান করবেন।<br>(ঙ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার নেত্রকোণা সদর |
| ৭. | উপজেলা পরিবার পরিকল্পনা | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান তার কার্যালয়ের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান ইউনিয়নে ০৯টি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র আছে, ৫৬টি স্যাটেলাইট ক্লিনিক আছে। কিন্তু কোনো ডাক্তার নেই। স্যাটেলাইট ক্লিনিকে নরমাল | (ক) বিভিন্ন ইউনিয়নে পরিবার পরিকল্পনা পদ্ধতির আওতায় কি কি কাজ চলমান | উপজেলা পরিবার পরিকল্পনা |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিভাগ | ডেলিভারি হয় না। ওষুধের সরবরাহ না থাকায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলোতে ঔষধ দেওয়া যাচ্ছে না। অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | রয়েছে তার বিস্তারিত তথ্যাদি সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) বিভিন্ন ইউনিয়নে কতটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র/ স্যাটেলাইট ক্লিনিক রয়েছে এবং প্রতিটি কেন্দ্রে ডাক্তার আছে কিনা তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) প্রতিটি স্যাটেলাইট ক্লিনিকে নরমাল ডেলিভারির তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) পরিচালিত কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে। | কর্মকর্তা নেত্রকোণা সদর |
| ৮. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বয়স্ক, বিধবা, স্বামী পরিত্যক্তা ও প্রতিবন্ধী ভাতার ইউনিয়ন ভিত্তিক সংখ্যা ও তার দপ্তরের সার্বিক চিত্র নিম্নরূপভাবে সভায় উপস্থাপন করেন। (নিচের সারণি দ্রষ্টব্য) | (ক) উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) বয়স্কভাতা, বিধবা, স্বামী পরিত্যক্তা ভাতা ও প্রতিবন্ধী ভাতার ইউনিয়ন ভিত্তিক সংখ্যা সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদনগুলোর পে-রোল রাখতে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(ঙ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার নেত্রকোণা সদর<br><br>চেয়ারম্যান/ প্রশাসক ইউনিয়ন পরিষদ (সকল) |

| ক্রমিক | খাতের নাম | প্রকল্প গ্রাম/ মাতৃকেন্দ্রর নাম | স্কিম সংখ্যা | পুন বিনিয়োগ কৃত টাকার পরিমাণ | বিনিয়োগের তথ্য |
|---|---|---|---|---|---|
| ৪৫. | পল্লী সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ | পিটুয়া গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ | ০৮ টি | ২৪০০০০ | পুন বিনিয়োগ |
| ৪৬. | | পিটুয়া গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ | ০৪ টি | ১২০০০০ | সা: চার্জ পুন বিনিয়োগ |
| ৪৭. | | বহরজামাটি গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ | ১৭ টি | ৬০০০০০ | পুন বিনিয়োগ |
| ৪৮. | | বহরজামাটি গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ | ০৩ টি | ১১০০০০ | সা: চার্জ পুন বিনিয়োগ |
| ৪৯. | | বহরজামাটি গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ | ০১ টি | ৩৩০০০ | সা: চার্জ বিনিয়োগ |
| ৫০. | | বাইশধার গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ | ১১ টি | ৪২০০০০ | পুন বিনিয়োগ |
| ৫১. | | বাইশধার গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ | ০৯ টি | ৩৩০০০০ | সা: চার্জ পুন বিনিয়োগ |
| ৫২. | | মহেশকোণা গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ | ১১ টি | ৪৮০০০০ | পুন বিনিয়োগ |
| ৫৩. | | মহেশকোণা গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ | ০১ টি | ৩০০০০ | সা: চার্জ বিনিয়োগ |
| ৫৪. | | মহেশকোণা গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ | ০৩ টি | ১৩৫০০০ | সা: চার্জ পুন বিনিয়োগ |
| ৫৫. | পল্লী মাতৃ কেন্দ্র | মল্লিকপুর পল্লী মাতৃকেন্দ্র | ০৭ টি | ২১০০০০ | পুন বিনিয়োগ |
| ৫৬. | | মল্লিকপুর পল্লী মাতৃকেন্দ্র | ০১ টি | ১৯০০০ | সা: চার্জ পুন বিনিয়োগ |
| ৫৭. | | গদী পল্লী মাতৃকেন্দ্র | ১০ টি | ৪০০০০০ | পুন বিনিয়োগ |
| ৫৮. | | গদী পল্লী মাতৃকেন্দ্র | ০১ টি | ২২০০০ | সা: চার্জ পুন বিনিয়োগ |

CamScanner

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫৯. | | গদী পল্লী মাতৃকেন্দ্র | ০১ টি | ৫০০০০ | সা: চার্জ<br>পুন বিনিয়োগ |
| ৬০. | | ধরের বাংলা পল্লী মাতৃকেন্দ্র | ০৯ টি | ৩০০০০০ | পুন বিনিয়োগ |
| ৬১. | | ধরের বাংলা পল্লী মাতৃকেন্দ্র | ০২ টি | ৮৫০০০ | সা: চার্জ<br>পুন বিনিয়োগ |
| ৬২. | | চকপাড়া পল্লী মাতৃকেন্দ্র | ১৮ টি | ৬৭৫০০০ | পুন বিনিয়োগ |
| ৬৩. | | চকপাড়া পল্লী মাতৃকেন্দ্র | ০৪টি | ১২০০০০ | সা: চার্জ<br>পুন বিনিয়োগ |
| ৬৪. | | দক্ষিন ঠাকুরাকোনা পল্লী মাতৃকেন্দ্র | ১২ টি | ৩১০০০০ | পুন বিনিয়োগ |
| ৬৫. | | দক্ষিন ঠাকুরাকোনা পল্লী মাতৃকেন্দ্র | ৩ টি | ৫৭০০০ | সা: চার্জ<br>পুন বিনিয়োগ |
| ৬৬. | প্রতিবন্ধী তহবিল | ১০ নং রৌহা ইউনিয়ন | ০১টি | ৪৫০০০ | পুন বিনিয়োগ |
| | | সর্বমোট= | ১৩৭টি | ৪৭৯১০০০ | |

| ইউনিয়ন | বয়স্ক ভাতাভোগীর সংখ্যা | বিধবা ভাতাভোগীর সংখ্যা | প্রতিবন্ধী ভাতা ভোগীর সংখ্যা |
|---|---|---|---|
| মৌগাতী | ১৫৭৫ | ১০৬০ | ৬২ |
| চল্লিশা | ১৬২৬ | ১০৭৮ | ৫৯৪ |
| মেদনী | ১৭১৩ | ১২৩০ | ৫১৯ |
| রৌহা | ১৫৮০ | ১২০৬ | ৬০৫ |
| কাইলাটী | ১৪৪৫ | ১১৫১ | ৬৪০ |
| মদনপুর | ১৫৭৬ | ১৬৬৪ | ৭৩৯ |
| সিংহের বাংলা | ১৬৭২ | ১২৫২ | ৩৯৬ |
| ঠাকুরাকোণা | ১৬৮৮ | ১১৩৬ | ৩৯৮ |
| কেগাতী | ১৭৮৩ | ১১৩৬ | ৫৩৪ |
| আমতলা | ১৫৮৮ | ১১১৫ | ৪৮৬ |
| লক্ষীগঞ্জ | ১৪৫৪ | ১১৮৩ | ৫৬০ |
| দ. বিশিউড়া | ১৪৯০ | ১৩৬৭ | ৬২৬ |

তিনি আরও জানান ২০২৪-২০২৫ অর্থবছরে প্রতিবন্ধী ভাতা প্রদানের জন্য ১২৫৩ জনের বরাদ্দ পাওয়া গেছে। নতুন আবেদনগুলো ভাতা প্রদানের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। উপজেলা সমাজসেবা কার্যালয় থেকে সুদমুক্ত ক্ষুদ্রঋণ, পল্লী মাতৃকেন্দ্র ঋণ, দুগ্ধ ও প্রতিবন্ধী ঋণ আশ্রয়ণ প্রকল্পে ঋণ প্রদান কার্যক্রম চালু আছে। তাছাড়া নেত্রকোণা সদর উপজেলায় ১২টি ক্যাপিটেশন গ্রান্ট প্রাপ্ত এতিমখানা রয়েছে। যেগুলো সমাজসেবা অফিস হতে নিয়মিত মনিটরিং করা হয়। বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদন কার্যক্রম চলমান রয়েছে।

| | | | | |
|---|---|---|---|---|
| ৯. | উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিরি আরও জানান ২০২২-২০২৩, ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ অর্থ বছরের মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় সদর উপজেলার ১২টি ইউনিয়নের ভাতাভোগীদের জুলাই/২৪ হতে নভেম্বর/ ২৪ পর্যন্ত জিটুপি সিস্টেমে ভাতা বিতরণ অব্যাহত আছে । নীতিমালার আলোকে জুলাই/২৪-জুন/২৫ পর্যন্ত প্রতি মাসের ০১-২০ তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবে। নেত্রকোণা পৌরসভায় মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ও ২০২২-২০২৩,২০২৩-২০২৪ অর্থ বৎসরের জুলাই /২৪ হতে জুন/২৫ পর্যন্ত ভাতাভোগীদের জিটুপি সিস্টেমে ভাতা বিতরণ অব্যাহত আছে। নীতিমালার আলোকে জুলাই/২৪-জুন/২৫ পর্যন্ত প্রতি মাসের ০১-২০ তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবে।<br>নেত্রকোণা জেলাধীন সদর উপজেলায় ২০২৫-২০২৬ অর্থ বছরের ভালনারেবল বেনিফিট (বিডব্লিউবি) কার্যক্রমের আওতায় অনলাইন আবেদনের কাজ ০৬ এপ্রিল ২০২৫ হতে ২৬ এপ্রিল ২০২৫ তারিখ পর্যন্ত চলমান থাকবে।<br><br>নেত্রকোণা জেলাধীন সদর উপজেলায় ১২ টি ইউনিয়নে ও পৌরসভায় কিশোর কিশোরী ক্লাব চলমান রয়েছে। | (ক) ভিডব্লিউবি কার্যক্রমে যাতে জটিলতা সৃষ্টি না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) প্রতিমাসে প্রত্যেক ইউনিয়নে একটি করে বাল্য বিবাহ প্রতিরোধ সভা করতে হবে।<br>(গ) কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম সচল রাখতে হবে এবং কতটি কিশোর কিশোরী ক্লাব আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে। যেসকল কিশোর কিশোরী ক্লাবে বিভিন্ন পদ শূন্য রয়েছে তা জরুরি | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নেত্রকোণা সদর<br><br>চেয়ারম্যান/ প্রশাসক ইউনিয়ন পরিষদ (সকল) |

<table>
<tr><td></td><td></td><td></td><td>ভিত্তিতে পূরণ করতে হবে।<br>(ঘ) মা ও শিশু সহায়তা কর্মসূচির ভাতাভোগীদের নামের তালিকা ইউনিয়ন কমিটি থেকে উপজেলা কমিটিতে দ্রুত পাঠাতে হবে।<br>(ঙ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td><td></td></tr>
<tr><td>১০</td><td>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ</td><td>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা সদর জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ২০২৩-২০২৪ খ্রি. অর্থবছরের সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপসমূহের বাকী ১০০টি নলকূপ এর কাজের ১০০ টির বোরিং এর কাজ শেষ এবং ৫৫ টির প্লাটফর্ম ও ট্যাংকিসহ কাজ শেষ হয়েছে । বাকী কাজগুলি সমাপ্ত করার জন্য নির্বাহী প্রকৌশলী,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা এর মাধ্যমে ঠিকাদারকে চিঠি ও মৌখিকভাবে তাগিদ দেওয়া হয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরে বরাদ্দকৃত গভীর নলকূপ এর আবেদন গ্রহণ কার্যক্রম সমাপৃত হয়েছে। উক্ত আবেদনগুলি উপজেলা ওয়াটসান কমিটির মাধ্যমে যাচাই বাছাই এর কাজ চলমান রয়েছে। এছাড়াও সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্প এর আওতায় নেত্রকোণা জেলার সদর উপজেলাধীন মদনপুর ইউনিয়ন এ হযরত শাহ সুলতান কমর উদ্দিন রুমী (রঃ) মাজারে রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই এর ওভার হেড ট্যাংক এবং বাউন্ডারি দেয়াল এর কাজ শেষ, প্রকল্প অফিস হতে পাইপ লাইন নেটওয়ার্ক এর ড্রইং চলে এসেছে। শ্রীঘ্রই পাইপ লাইনের কাজ শুরু হবে। সদর উপজেলার PEDP-৪ প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর ওয়াশ ব্লক ও নলকূপ এর কাজ চলমান এবং ৫৭ টি ওয়াশ ব্লক এর কাজ সমাপ্ত হয়েছে। এছাড়াও PEDP-৪ প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর সমাপ্তকৃত ও চলমান ওয়াশ ব্লক এর কাজ প্রতিনিয়ত পর্যবেক্ষণে রাখা হয়েছে।</td><td>(ক) গভীর নলকূপসমূহ যথাযথভাবে স্থাপন করতে হবে।<br><br>(খ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td><td>সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য অধিদপ্তর নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১১</td><td>পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের আওতায় উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি, আবর্তক (কৃষি) ঋণ কর্মসূচি, সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি (সদাবিক), পল্লী প্রগতি কর্মসূচি, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ (এসএমই) কর্মসূচি, বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচির কার্যক্রম চলমান রয়েছে।<br>বর্ণিত কার্যক্রমসমূহের অগ্রগতি নিম্নরূপ :
<table>
<tr><th>কার্যক্রম</th><th>মাসে বিতরণ (লক্ষ টাকায়)</th><th>মাসে আদায় (লক্ষ টাকায়)</th><th>বিতরণ (লক্ষ টাকায়)</th><th>আদায় (লক্ষ টাকায়)</th><th>আদায়ের হার</th></tr>
<tr><td>পল্লী উদ্যোক্তা ঋণ কর্মসূচি</td><td>০.০০</td><td>২.৯৫</td><td>২৭৫.২৫</td><td>২৩২.৪৬</td><td>৮৫%</td></tr>
<tr><td>মহিলা উন্নয়ন অনুবিভাগ</td><td>০.০০</td><td>০.৬২</td><td>৯৭৫.৪৬</td><td>৯৩৮.৮১</td><td>৯৬%</td></tr>
<tr><td>আবর্তক (কৃষি ঋণ) কর্মসূচি</td><td>০.০০</td><td>০.০২</td><td>১৪০.৬১</td><td>১২৩.৪৫</td><td>৮৮%</td></tr>
<tr><td>অপ্রধান শস্য ঋণ কর্মসূচি</td><td>০.০০</td><td>২.৮২</td><td>১৪১.৫৪</td><td>১১৮.৬১</td><td>৮৪%</td></tr>
<tr><td>সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি</td><td>০.০০</td><td>০.১৪</td><td>২৯৬.৫২</td><td>২৩৪.০২</td><td>৭৯%</td></tr>
<tr><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>০.০০</td><td>০.১৬</td><td>৬৩.১০</td><td>৪৬.০৪</td><td>৭৩%</td></tr>
<tr><td>বীর মুক্তিযোদ্ধা কর্মসূচি</td><td>০.০০</td><td>০.০৩</td><td>৩২.২৬</td><td>১৯.৯৪</td><td>৬৬%</td></tr>
<tr><td>মোট</td><td>০.০০</td><td>৫.৯৪</td><td>১৯২.৭৪</td><td>১৭১৩.৩৩</td><td>৮৯%</td></tr>
</table></td><td>(ক) বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল করতে হবে।<br><br>(খ) যেসকল আশ্রয়ণ প্রকল্পে এখনও সমিতি গঠন করা হয়নি সেসকল আশ্রয়ণে সমিতি গঠন করতে হবে।<br><br>(গ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td><td>পল্লী উন্নয়ন কর্মকর্তা নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১২</td><td>সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, নেত্রকোণা সদর উপজেলায় নবনির্মিত আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগীদের নিয়ে ০৫টি ভিন্ন ভিন্ন এলাকায় ০৫টি সমবায় সমিতি গঠন করা হয়েছে। এগুলো নিম্মরুপ:<br>১। বড়গাড়া গোপালপুর আশ্রয়ণ সমবায় সমিতি লি., বড়গাড়া গোপালপুর, ইউনিয়ন:</td><td>(ক) যেসকল আশ্রয়ণ প্রকল্পে সমিতি গঠন করা হয়েছে সেসকল আশ্রয়ণ প্রকল্পে ঋণ বিতরণের কার্যক্রম গ্রহণ</td><td>উপজেলা সমবায় অফিসার নেত্রকোণা সদর</td></tr>
</table>

CamScanner

<table>
<tr>
<td>১</td>
<td>উপজেলা যুব উন্নয়ন অফিস</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি নিম্নরূপভাবে তার দপ্তরের কার্যক্রম উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্র. নং</th><th>বিবরণ</th><th>কার্যক্রম</th></tr>
<tr><td>১</td><td>বরাদ্দকৃত মূলধন</td><td>২,৩১,৮,৮০০/-</td></tr>
<tr><td>২</td><td>মোট বিতরণকৃত ঋণের পরিমাণ</td><td>৩৩,৯১,৭০০০/-</td></tr>
<tr><td>৩</td><td>চলতি অর্থ বছরে বিতরণ</td><td>২৩,১০,০০০/-</td></tr>
<tr><td>৪</td><td>বিবেচ্য মাসে বিতরণ</td><td>৪৫,০০০/-</td></tr>
<tr><td>৫</td><td>আদায়যোগ্য ক্রমপুঞ্জিত</td><td>২৭,২০,৭,৩৭১/-</td></tr>
<tr><td>৬</td><td>আদায়কৃত ক্রমপুঞ্জিত</td><td>২,৬৪,৭০,৪৫৩/-</td></tr>
<tr><td>৭</td><td>আদায়ের হার</td><td>৯৭%</td></tr>
<tr><td>৮</td><td>আদায়যোগ্য চলমান</td><td>১,৭৫,০০০/-</td></tr>
<tr><td>৯</td><td>আদায়কৃত চলমান</td><td>১,৭৫,০০০/-</td></tr>
<tr><td>১০</td><td>আদায়ের হার</td><td>১০০%</td></tr>
<tr><td>১১</td><td>মেয়াদ উত্তীর্ণ খেলাপি ঋণের পরিমাণ</td><td>১৬,১২,১৯০/-</td></tr>
<tr><td>১২</td><td>ঋণ খেলাপি আদায়</td><td>৬৯৯৫/-</td></tr>
<tr><td>১৩</td><td>কিস্তি খেলাপি পরিমাণ</td><td>৩৪০৪৪/-</td></tr>
<tr><td>১৪</td><td>কিস্তি খেলাপি আদায়</td><td>১০,০০০/-</td></tr>
<tr><td>১৫</td><td>মোট উপকার ভোগীর সংখ্যা</td><td>৬০৭ জন</td></tr>
<tr><td>১৬</td><td>মোট ঋণ সংখ্যা</td><td>৮১৪ জন</td></tr>
<tr><td>১৭</td><td>চলমান ঋণ সংখ্যা</td><td>২৪২ জন</td></tr>
<tr><td>১৮</td><td>চলতি বছরে প্রশিক্ষণার্থীর সংখ্যা</td><td>৩৩০ জন</td></tr>
<tr><td>১৯</td><td>ক্রমপুঞ্জিত প্রশিক্ষণার্থীর সংখ্যা</td><td>৬৬৪৫ জন</td></tr>
<tr><td>২০</td><td>চলতি অর্থ বছরে আত্মকর্মীর সংখ্যা</td><td>৫৬ জন</td></tr>
<tr><td>২১</td><td>ক্রমপুঞ্জিত আত্মকর্মীর সংখ্যা</td><td>৪১৭৮ জন</td></tr>
</table>
</td>
<td>ক.বিভাগীয় কার্যক্রম আরও কার্যকর ও গতিশীল করতে হবে।<br><br>খ. উপজেলা যুব উন্নয়ন অফিস হতে প্রশিক্ষণ গ্রহণের পর প্রশিক্ষণার্থীগণ তা কাজে লাগাচ্ছে কি না তা তদারকি করতে হবে।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>১৫</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান উপজেলা পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৫ শিক্ষাবর্ষে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ চলমান, ভোটার তালিকা হালনাগাদ, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির উদ্যোগে উপজেলা পর্যায়ে অনুষ্ঠিতব্য উপবৃত্তি সংক্রান্ত স্কুল, মাদ্রাসা ও কলেজ পর্যায়ের অনলাইন প্রশিক্ষণ চলমান, ৬ষ্ঠ থেকে একাদশ শ্রেণি পর্যন্ত ২০২৫ সালের নতুন উপবৃত্তি কার্যক্রম চলমান রয়েছে, প্রতিষ্ঠান পরিদর্শন, এমপিও কার্যক্রম যথারীতি বাস্তবায়ন এবং প্রশাসন ও শিক্ষা বোর্ড কর্তৃক নির্দেশিত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে।</td>
<td>(ক) প্রতি মাসে ডিজিটাল ল্যাব পরিদর্শনপূর্বক বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) নিয়মিত বিদ্যালয়/মাদ্রাসা পরিদর্শন করতে হবে।<br>(গ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>১৬</td>
<td>পরিসংখ্যান বিভাগ</td>
<td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি জানান যে আইসিটি সার্ভে এবং Multiple Indicator Cluster Survey (MICS)- ২০২৫ সার্ভে- এর কার্যক্রম চলমান।</td>
<td>(ক) দপ্তরে কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) ৪র্থ অর্থনৈতিক শুমারির হালনাগাদ তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) দাপ্তরিক সার্বিক কার্যক্রমে গতিশীলতা আনয়ন করতে হবে।</td>
<td>উপজেলা পরিসংখ্যান অফিসার নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>১৭</td>
<td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন</td>
<td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, সমিতির সংখ্যা ১১৭টি এবং সমিতির সদস্য সংখ্যা ৪২৫৩ জন, ঋণী সদস্য ২১৩৪ জন। ক্ষুদ্র ঋণ কার্যক্রমের ১১২.০২ লক্ষ টাকা ২৮১ জনে মাঝে বিতরণ করা হয়েছে। আদায়ের হার ৯৮%, নারী উন্নয়নে ঋণের ১০৪.১০ লক্ষ টাকা ৯২ জনের মাঝে বিতরণ করা হয়েছে। আদায়ের হার ৯৯%। ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের ৬৩.১০ লক্ষ টাকা ২৪ জনের মধ্যে বিতরণ করা হয়েছে এবং আদায়ের হার ৯৯%। প্রণোদনা ঋণের ১১৪.৪৩ লক্ষ টাকা ৪৩ জনের মধ্যে বিতরণ করা হয়েছে। উঠান বৈঠক প্রতি সমিতিতে প্রতি মাসে ০১টি করা হয়। পরিবার পরিকল্পনা গ্রহণ, বাল্যবিবাহ রোধ ও মাদকের কুফল ইত্যাদি বিষয়ে সমিতি পর্যায়ে উঠান বৈঠক করা হয়েছে।</td>
<td>(ক) প্রশিক্ষণ কার্যক্রমের বিস্তারিত তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(খ) ক্ষুদ্র ঋণ গ্রহীতাদের কার্যক্রম তদারকি করতে হবে।<br>(গ) দাপ্তরিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>১৮</td>
<td>বন বিভাগ</td>
<td>ভারপ্রাপ্ত কর্মকর্তা, সোসাল ফরেস্টি নার্সারি এন্ড ট্রেনিং সেন্টার, নেত্রকোণা বিভাগ জানান উপজেলা বন বিভাগের ভূমিকা হচ্ছে উপজেলার বিভিন্ন সড়কে বৃক্ষরোপন ও</td>
<td>(ক) কোনো গাছ কর্তনের প্রয়োজন হলে বিধি</td>
<td>ভারপ্রাপ্ত কর্মকর্তা,</td>
</tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>জনসাধারণের মধ্যে সরকারি রাজস্ব মূল্যে/বিনামূল্যে চারা বিতরণ কর্মসূচি। সামাজিক বনায়নের মাধ্যমে দারিদ্র বিমোচন প্রকল্পের আওতায় অংশীদারিত্বমূলক বাগান এবং পরবর্তীতে উপকারভোগীদের মাঝে বিতরণ। সামাজিক বনায়নের উপর উপকারভোগী/জনসাধারণকে প্রশিক্ষণ প্রদান।</td>
<td>মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>সোশাল ফরেস্ট্রি নার্সারি এন্ড ট্রেনিং সেন্টার</td>
</tr>
<tr>
<td>১৯</td>
<td>পল্লী সঞ্চয় ব্যাংক</td>
<td>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান যে, নেত্রকোণা সদর উপজেলায় মোট ইউনিয়ন ১২টি, পৌরসভা ০১টি, মোট সমিতি ৩৭০টি, মোট সদস্য সংখ্যা ১৪৩৫৭ জন, মোট সঞ্চয় স্থিতি ৭৫১.৬৫ (লক্ষ) টাকা, মোট ঋণী সদস্য ৯,১৪২ জন, মোট ঋণ স্থিতি ২৪৯৯.৭৩ (লক্ষ) টাকা, Standard loan ১৩৮৫.৫৭ লক্ষ টাকা, sma loan ৮৫.৬০ লক্ষ টাকা, ss loan ৬৬৭.৬৫ লক্ষ টাকা, df ২৪৩.৮৮ লক্ষ টাকা, b/l loan ১১৭.১৩ লক্ষ টাকা, সদস্য শেয়ার প্রভিড ১০৫ লক্ষ টাকা, সমিতি শেয়ার প্রভিড ২.৯৭ লক্ষ টাকা, ডোনেসন ০.০৮ লক্ষ টাকা, ম্যানুয়াল সম্পদ আদায় ১.০২ লক্ষ টাকা।
<table>
<tr><td>০১</td><td>গাভি পালন</td><td>৩৬০৫টি</td><td>৯৭০.০০</td></tr>
<tr><td>০২</td><td>সবজি চাষ</td><td>৪৫২টি</td><td>১০২.০০</td></tr>
<tr><td>০৩</td><td>হাঁস-মুরগী পালন</td><td>৯২৪টি</td><td>২৫৮.৪০</td></tr>
<tr><td>০৪</td><td>ক্ষুদ্র ব্যবসা</td><td>৪০৬১টি</td><td>১১১২.৮০</td></tr>
<tr><td>০৫</td><td>অন্যান্য</td><td>৭০টি</td><td>১৩৬.৩৪</td></tr>
<tr><td></td><td>মোট</td><td>৯১০২ টি</td><td>২৫৮৯.১৪</td></tr>
</table>
</td>
<td>(ক) বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করতে হবে।<br>(খ) ঋণ খেলাপীদের তালিকা আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) বিতরণকৃত ঋণ আদায়ের লক্ষ্যে কার্যক্রম আরও জোরদার করতে হবে।<br>(ঘ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>২০</td>
<td>স্বাস্থ্য বিভাগ</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা জানান কমিউনিটি ক্লিনিক থেকে বিনামূল্যে প্রাথমিক স্বাস্থ্য সেবা ও ২৭ ধরনের ঔষধ প্রদান করা হয়। কমিউনিটি ক্লিনিকগুলোতে প্রোভাইডারগণের নিয়মিত উপস্থিত থাকার জন্য এএইচআইদের দিয়ে তদারকি করানো হয়। প্রতিমাসে অন্তত ০৩টি কমিউনিটি ক্লিনিক ও মাঠ পর্যায়ে স্বাস্থ্য কর্মসূচির বিভিন্ন কার্যক্রম তদারকি ও পরিদর্শন করা হয়।</td>
<td>(ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে কি কি ধরনের ঔষধ বিনামূল্যে প্রদান করা হয় এবং কি কি সরকারি সেবা প্রদান করা হয় তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) কমিউনিটি ক্লিনিকগুলোতে প্রোভাইডারগণের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>(গ) প্রতিমাসে অন্তত ০৩টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করে বিস্তারিত প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>২১</td>
<td>উপজেলা পরিচালন ও উন্নয়ন</td>
<td>উপজেলা পরিচালন ও উন্নয়ন কর্মকর্তা জানান যে, উপজেলা পরিষদের মাসিক কার্যবিবরণী, এডিপি'র প্রতিবেদন, স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করা হয়। তিনি আরও জানান পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন কার্যক্রম চলমান রয়েছে।</td>
<td>উপজেলা পরিষদের মাসিক কার্যবিবরণী, এডিপি'র প্রতিবেদন, স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ও পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন এবং তা ওয়েব পোর্টালে আপডেট করতে হবে।</td>
<td>উপজেলা প্রকৌশলী (এলজিইডি)<br><br>উপজেলা পর্যায়ে কর্মকর্তা (সকল)<br><br>ইউপি চেয়ারম্যান/ প্রশাসক (সকল)</td>
</tr>
<tr>
<td>২২</td>
<td>জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সরকার নির্ধারিত কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। তিনি আরও বলেন যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের তথ্য সংগ্রহের জন্য গ্রাম পুলিশদের কাজে লাগাতে হবে। প্রয়োজনে জন্ম-মৃত্যু নিবন্ধনের কার্যক্রমে এডিপি বরাদ্দের ১% অর্থ ব্যয় করা যাবে।</td>
<td>জন্ম ও মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে সরকার নির্ধারিত কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কার্যক্রম জোরদার করতে হবে।</td>
<td>চেয়ারম্যান / প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল)</td>
</tr>
</table>

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | আয় ও ব্যয়ের হিসাব বিবরণী | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, [illegible] তারিখ হতে ৩১.০৩.২০২৫ তারিখ পর্যন্ত ব্যাংক বিবরণী মোতাবেক আয় [illegible]/- ব্যয় ১,১৬,০৮৫/- টাকা এবং স্থিতি ২,৮৩,৭৬,১৩৯/৭৮ | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার নেত্রকোণা সদর, নেত্রকোণা | |
| ২৪ | বিবিধ-১ | (ক) উপজেলা পরিষদের মার্চ/২০২৫ মাসের আপ্যায়ন, উপজেলা পরিষদের স্থায়ী কমিটির আপ্যায়ন, আনুষঙ্গিক বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা পরিষদের বিভিন্ন অনুষ্ঠানের ব্যানার ও ফুলের তোড়ার বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) উপজেলা পরিষদের পত্রিকা বিল পরিশোধ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) উপজেলা পরিষদের ড্রেন, আশ-পাশ পরিষ্কার পরিচ্ছন্নতার বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ) উপজেলা পরিষদ ও উপজেলা হল রুমের ইন্টারনেট বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(চ) ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপি'র বিজ্ঞপ্তি প্রকাশের পত্রিকার বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | সরকারি নির্দেশনা মোতাবেক উল্লিখিত ব্যয়সমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মিটানোর বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ২৫ | বিবিধ-২ | গত ১৫/০২/২৪ তারিখে জাতীয় পর্যায়ে স্টিয়ারিং কমিটির আলোচনার নির্দেশনামতে সকল ইউনিয়ন পরিষদে ইউডিসির মাধ্যমে বিদেশ গমনেচ্ছুদের আবেদনের ব্যবস্থা এবং ইউডিসি প্রদত্ত সেবার নির্ধারিত মুল্য তালিকা অনুসরণের বিষয়ে আলোচনা হয়।<br><br>তাছাড়া তথ্যপ্রযুক্তি নির্ভর বাংলাদেশ বিনির্মাণে এখন থেকে অনলাইন মাধ্যম prottoyon.gov.bd থেকে নাগরিক সনদ, ওয়ারিশান সনদ, চারিত্রিক সনদসহ সকল সেবায় QR code সংবলিত সনদ প্রদানের বিষয়ে আলোচনা হয়। | (ক) ইউডিসির মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে বিদেশ গমনেচ্ছুদের আবেদন সেবা চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) ইউডিসি'র নির্ধারিত সেবামূল্য তালিকা অনুসরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) তথ্যপ্রযুক্তি নির্ভর বাংলাদেশ বিনির্মাণে এখন থেকে অনলাইন মাধ্যম prottoyon.gov.bd থেকে নাগরিক সনদ, ওয়ারিশান সনদ, চারিত্রিক সনদসহ সকল সেবায় QR code সংবলিত সনদ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br><br>চেয়ারম্যান/ প্রশাসক ইউপি (সকল) |
| ২৬ | বিবিধ-৩ | ডেঙ্গু মশাবাহিত রোগ নিয়ন্ত্রণে সকল বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য সংশ্লিষ্ট বাজারের ইজারাদারদের পত্র দেওয়ার জন্য সভায় আলোচনা হয়। | বাজারের ইজারাদারদের পত্র দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২৭ | বিবিধ-৪ | শিক্ষার মানোন্নয়নে প্রতিষ্ঠানে নিয়মিতভাবে (প্রতি তিনমাসে একবার) নিম্নোক্ত সভা অনুষ্ঠানের জন্য আলোচনা করা হয়।<br>(১) শিক্ষক সমাবেশ, (২) অভিভাবক/মা সমাবেশ, (৩) মাদক ও কিশোর গ্যাং বিরোধী সমাবেশ, (৪) যৌতুক নিরোধ সমাবেশ,<br>(৫) ডেঙ্গু নিরোধ/পরিবেশ সংরক্ষণ সমাবেশ, (৬) প্রাত্যহিক সমাবেশ। উক্ত সমাবেশ/সভা অনুষ্ঠান আয়োজন করে উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য আলোচনা হয়।<br>এছাড়াও ছাত্র-ছাত্রীদের মেধার বিকাশ ও সাংগঠনিক নেতৃত্বগুণ বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসা পর্যায়ে প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে নিম্নোক্ত ক্লাব গঠন ও নিয়মিত কার্যক্রম পরিচালনা বিষয়ে আলোচনা করা হয়। (১) সাইন্স ক্লাব, (২) ডিবেট ক্লাব, (৩) কালচারাল ক্লাব, (৫) কল্যাণ ক্লাব, (৬) ল্যাংগুয়েজ ক্লাব। | (ক) সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা/সমাবেশ আয়োজন করে উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>(খ) ছাত্র-ছাত্রীদের মেধার বিকাশ, সাংগঠনিক নেতৃত্বগুণ বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসা পর্যায়ে প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে নিম্নোক্ত ক্লাব গঠন ও নিয়মিত কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br><br>উপজেলা শিক্ষা অফিসার<br><br>শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল) |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | (১) সাইন্স ক্লাব, (২) ডিবেট ক্লাব, (৩) কালচারাল ক্লাব, (৫) কল্যাণ ক্লাব, (৬) ল্যাংগুয়েজ ক্লাব। | |
| ১৮ | বিবিধ-৫ | আসন্ন পবিত্র ঈদুল আযহা/২০২৫ উপলক্ষ্যে কোরবানীর পশু ক্রয়-বিক্রয়ের সুবিধার্থে প্রতি বছরের ন্যায় এবারও অস্থায়ী পশুর হাট বসানোর বিষয়ে ইউপি চেয়ারম্যান, ইউপি প্রশাসক ও ইউপি প্যানেল চেয়ারম্যান/ইউপি সদস্যগণ আলোচনা করেন। হাটসমূহে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণসহ সরকারি রাজস্ব আদায়ের স্বার্থে অস্থায়ীভাবে পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে ইজারা প্রদানের জন্য সদয় অনুমোদনের নিমিত্তি পরিশিষ্ট 'গ' মোতাবেক হাটসমূহের তালিকা জেলা প্রশাসক মহোদয় বরাবর প্রেরণ করার জন্য আলোচনা হয়।<br><br>সভায় আরও জানানো হয় যে, সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বণ্টন স্পর্কিত নীতিমালা, ২০১১ অনুসরণপূর্বক বর্ণিত পশুর হাট ইজারা প্রদান করা হলে পার্শ্ববর্তী/নিকটবর্তী সায়রাতভুক্ত কোনো হাটবাজার ক্ষতিগ্রস্ত হবে না এবং সড়ক/মহাসড়কে যান চলাচলের অসুবিধার সৃষ্টি হবে না। বাজারসমূহ কোনো খেলার মাঠ বা শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ নয়। অস্থায়ী পশুর হাটকে কেন্দ্র করে স্থানীয়ভাবে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির সম্ভাবনা নেই। | আসন্ন পবিত্র ঈদুল আযহা/২০২৫ উপলক্ষে জনসাধারণের কোরবানীর পশু ক্রয়-বিক্রয়ের সুবিধার্থে সংযুক্ত পরিশিষ্ট 'গ' এ উল্লিখিত হাটসমূহে অস্থায়ী পশুর হাট বসানোর বিষয়ে ইজারা প্রদানের জন্য সদয় অনুমোদনের নিমিত্তি জেলা প্রশাসক মহোদয় বরাবর প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে দক্ষতা ও আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের অনুরোধ জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১.০৪.২৫
(আসমা বিনতে রফিক)
প্রশাসক
উপজেলা পরিষদ
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা

০৮ বৈশাখ ১৪৩১

স্মারক নম্বর : ০৫.৪৫.৭২৭৪.০০০.১৮.০০১.১৯- ৮৪৬

তারিখ: ২১ এপ্রিল ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
৫. উপজেলা.................................অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৬. চেয়ারম্যান/প্রশাসক,.................................ইউনিয়ন পরিষদ (সকল), নেত্রকোণা সদর, নেত্রকোণা।

২১.০৪.২৫
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা

CS CamScanner